

স্কুল চলাকালীন যানজট নিরসনের বিষয়ে ব্যবস্থা নিবে সরকার

প্রকাশের তারিখ : ৩১ মার্চ ২০২৬



স্কুল চলাকালীন যানজট নিরসনে কি ব্যবস্থা নেয়া যায় এ বিষয়ে মন্ত্রণালয়কে প্রস্তাবনা তৈরি করে উপস্থাপন করতে বলেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। আজ মঙ্গলবার (৩১ মার্চ) সকালে সচিবালয়ে প্রধানমন্ত্রীর সাথে শিক্ষামন্ত্রী আনম এহছানুল হক মিলন ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ সাক্ষাৎ করলে বিষয়টি নিয়ে আলোচনা হয়। এমনটাই জানিয়েছেন প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন।

তিনি বলেন, “তারেক রহমানের সাথে শিক্ষা মন্ত্রী ও প্রতিমন্ত্রী সাক্ষাৎ করেছেন।”

অতিরিক্ত প্রেস সচিব বলেন, “উদাহরণ হিসেবে দেখা গেছে রাজধানীর একটি স্কুলে দেড়শ শিক্ষার্থীর জন্য একশ গাড়ি স্কুলের সামনে ভিড় করে। এতে ব্যাপক যানজট সৃষ্টি হয়। শিক্ষার্থীরা শিক্ষা প্রতিষ্ঠানে আসতে বেগ পেতে হয়।”

“এই সমস্যাগুলো চিহ্নিত করে প্রধানমন্ত্রী বিকল্প খুঁজতে মন্ত্রীকে পরামর্শ দিয়েছেন।”

শিক্ষা মন্ত্রীর পরে জ্বালানি মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু ও প্রতি মন্ত্রী অনিন্দ ইসলাম অমিত প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ করেন বলে জানান অতিরিক্ত প্রেস সচিব। পরে নৌ বাহিনী প্রধান এডমিরাল এম নাজমুল হাসান প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ করেন।